চুয়াডাঙ্গায় ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকে বহিষ্কারের প্রতিবাদে সাংবাদিক সন্মেলন

চুয়াডাঙ্গার নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক বহিষ্কারের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবে সাংবাদিক সন্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সাংবাদিক সন্মেলনে নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক সামসুল হক লিখিত বক্তব্যে বলেন, আমরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ বুকে ধারণ করে উইনিয়ন আওয়ামী যুবলীককে সু-সংগঠিত করার লক্ষ্যে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছি এবং যুবলীগের সমস্থ কর্মকাণ্ডে অংশগ্রহণ করে তা প্রতিপালন করছি।

সেই সাথে চুয়াডাঙ্গা-২ আসনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার মনোনীত নৌকার প্রার্থী হাজী আলী আজগার টগর মহদয়ের পক্ষে বর্তমান সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডের প্রচার প্রচারণা চালিয়ে যাচ্ছি। যা চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য অবগত আছেন। নৌকার পক্ষে কাজ করায় স্থানীয় বিভিন্ন পত্রিকা মারফত জানতে পারি আমাদের বিরুদ্ধে জমিদখল, চাঁদাবাজি, দখলদারিত্ব ও দলীয় শৃংখলা ভঙ্গের মনগড়া মিথ্যা ও ভিত্তীহিন অভিযোগ তুলে আমাদেরকে বহিষ্কার করা হয়েছে। যার কোন প্রমান বা সত্যতা নেই। অথচ ভিত্তিহীন অভিযোগ তুলে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার ও যুগ্ন আহবায়ক সামমুদ্দোহা মল্লিক হাসু ব্যাক্তি স্বার্থ ও উদ্দেশ্য প্রনোদিত হয়ে আমাদেরকে বহিষ্কার করেছেন। আমাদের একটিই অপরাধ চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় নৌকার পক্ষে কাজ করা। তাই আমরা বিষয়টি খুলনা বিভাগিয় যুবলীগের নেতৃবৃন্দকে অবহিত করলে তারা জানিয়েছেন, এটা উদ্দেশ্য প্রনোদিত ছাড়া আর কিছুই না। গত ০২/০১/২০২২ সালে গঠিত নেহালপুর ইউনিয়ন যুবলীগের কমিটি বৈধ্য। তাই আমরা সাংবাদিক সম্মেলনের মাধ্যমে কমিটি বিলুপ্তি ও বহিষ্কারদেশের তিব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।